অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/9/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকলে প্রশাসনিক মনোনয়নগুলি এবং নিয়োগগুলি ঘোষণা করেছেন

আজ গভর্নর হোকলে প্রশাসনের নতুন মনোনয়নগুলি এবং নিয়োগগুলি ঘোষণা করেছেন।

"আমরা স্টেট এজেন্সিগুলির নেতৃত্ব দেওয়ার জন্য এবং নিউ ইয়র্কবাসীকে উচ্চমানের সেবা প্রদানের জন্য শীর্ষস্থানীয় দল গঠন করছি," **গভর্নর হোকল বলেন।** "ডাঃ কানিংহ্যাম এবং রেভারেন্ড ডেকোহেন দুর্দান্ত নেতা যারা এজেন্সিগুলিকে নতুন উচ্চতায় নিয়ে যাবেন। কাইলাহ হাইন্স আমাদের পুনরুদ্ধারের সময় ফেডারেল সরকার ও নিউ ইয়র্কের মধ্যকার অতি জরুরি লিয়াজোঁ হবেন। তারা অভিজ্ঞ, প্রতিভাবান ব্যক্তি, এবং আমি তাদের সাথে কাজ করার জন্য উন্মুখ।"

ডাঃ শিনাজো ও. কানিংহ্যাম অফিস অফ অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টসের (Office of Addiction Services and Supports, OASAS) কমিশনার মনোনীত হবেন। সর্বশেষ তিনি নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিনে (New York City Department of Health and Mental Hygiene) মেন্টাল হাইজিনের নির্বাহী ডেপুটি কমিশনার হিসেবে কাজ করেছেন। তিনি এজেন্সিতে যোগদান করেছেন মন্টেফিওর হেলথ সিস্টেম (Montefiore Health System) ও অ্যালবার্ট আইনস্টাইন কলেজ অফ মেডিসিন (Albert Einstein College of Medicine) থেকে, যেখানে তিনি চিকিৎসাবিদ্যা, পরিবার ও সামাজিক চিকিৎসাবিদ্যা, মনোরোগবিদ্যা এবং আচরণগত বিজ্ঞানের অধ্যাপক ছিলেন। মাদক ব্যবহারকারীদের উপর গুরুত্ব দানকারী গবেষণা, যত্ন এবং প্রোগ্রাম তৈরিতে ডাঃ কানিংহ্যামের 20 বছরের বেশি অভিজ্ঞতা রয়েছে। এছাড়াও তিনি এই জনসংখ্যার স্বাস্থ্য উন্নত করতে সম্প্রদায়ের সাথে অংশীদারিত্বে অগ্রগামী প্রোগ্রাম তৈরি করেছেন। ডাঃ কানিংহ্যাম নিউ ইয়র্ক সিটির প্রথম যে ক্লিনিকগুলি প্রাইমারি কেয়ারে বিউপ্রেনরফিন যুক্ত করেছিলো তাদের একটির নেতৃত্ব দিয়েছেন, পরবর্তীতে এটি সিটিব্যাপী সাতটি ক্লিনিকে বিস্তৃত হয়। এছাড়াও তিনি প্রাইমারি কেয়ারে মাদক ব্যবহার ব্যাধির চিকিৎসা করতে কয়েক শত চিকিৎসককে প্রশিক্ষণ প্রদান করেন।ডাঃ কানিংহ্যাম তার স্নাতক ডিগ্রি লাভ করেন নর্থইস্টার্ন ইউনিভার্সিটি (Northwestern University) থেকে, তার মেডিক্যাল ডিগ্রি লাভ করেন ইউনিভার্সিটি অফ ক্যালিফোর্নিয়া, স্যান ফ্রান্সিসকো (University of California, San Francisco, UCSF) থেকে, এবং প্রাইমারি কেয়ার ইন্টারনাল মেডিসিনে তার রেসিডেন্সি সম্পূর্ণ করেন UCSF ও নিউ ইয়র্ক ইউনিভার্সিটি (New York University, NYU) থেকে। তিনি NYU তে একবছর রেসিডেন্সির চীফ হিসেবে কাজ করেছেন। এছাড়াও ক্লিনিক্যাল রিসার্চে তার একটি মাস্টার্স ডিগ্রি আছে যা তিনি আইনস্টাইনে থাকাকালীন সম্পূর্ণ করেন। এছাড়াও ক্লিনিক্যাল রিসার্চে তার একটি মাস্টার্স ডিগ্রি

আছে যা তিনি আইনস্টাইনে থাকাকালীন সম্পূর্ণ করেন। সিনেট অনুমোদনের পূর্ব পর্যন্ত ডাঃ কানিংহ্যাম ভারপ্রাপ্ত কমিশনার হিসেবে দায়িত্ব পালন করবেন।

রেভারেন্ড ভিভিয়ানা ডেকোহেন নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ ভেটেরান্স সার্ভিসেসের (New York State Division of Veterans' Services) পরিচালক নিযুক্ত হয়েছেন। রেভারেন্ড ডেকোহেন ইউনাইটেড ম্যারিন কোরের (United States Marine Corps) একজন প্রাক্তন সদস্য এবং তিনি সর্বশেষ মাউন্ট ভার্নন সিটিতে ভেটেরান্স সার্ভিসেসের (Veterans Services) কমিশনার হিসেবে কাজ করেছেন। পূর্বে তিনি মিলিটারি অ্যান্ড ভেটেরান অ্যাফেয়ার্সের (Military & Veteran Affairs) পরিচালক এবং কনকর্ডিয়া কলেজের (Concordia College) অ্যাডজাঙ্কট অধ্যাপক হিসেবে কাজ করেছেন যেখানে তিনি ভেটেরান শিক্ষার্থীরা যাতে খাদ্য, আশ্রয়, বস্ত্র ও অন্যান্য জিনিস পায় তা নিশ্চিত করতে একটি অন-ক্যাম্পাস প্রোগ্রাম (On-Campus Resource Program) শুরু করেন। কনকর্ডিয়া কলেজে কাজের পূর্বে, রেভারেন্ড ডেকোহেন মার্সি কলেজের (Mercy College) ভেটেরান্স অ্যাডিভাইজার ছিলেন যেখানকার তিনি শিক্ষার্থী ছিলেন। তার স্নাতক ডিগ্রি অর্জনের সময়, একাডেমিক অর্জন সমর্থন ও ভেটেরানদের স্নাতক পাশের হার লক্ষণীয় পরিমাণ বৃদ্ধি করতে রেভারেন্ড ডেকোহেন প্রথম ভেটেরান্স সেন্টার প্রতিষ্ঠা করেন। তিনি সার্বিক গ্রেড পয়েন্ট এভারেজ উন্নত করতে এবং রেকর্ড সংখ্যক ভেটেরানদের স্নাতক স্কুলে পাঠাতে তাগিদ প্রদানে "অপারেশন বাডি আপ (Operation Buddy Up)" এবং "অপারেশন পুশ (Operation PUSH)" এর মতো প্রোগ্রাম নকশা করেন। তিনি উইমেন্স ম্যারিন্স অ্যাসোসিয়েশন (Women Marines Association), নিউ ইয়র্ক-6 (New York-6, NY-6), আমেরিকান লিজিওন পোস্ট 1038 (American Legion Post 103), নিউ ইয়র্ক কাউন্সিল নেভি লীগের (New York Council Navy League) সদস্য এবং বারবারা জিওর্দানো ফাউন্ডেশনের (Barbara Giordano Foundation) মিলিটারি অ্যাডভাইজার এবং একই সাথে অ্যালঝেইমার্স অ্যাসোসিয়েশনের (Alzheimer's Association) ক্লার্জি কমিটির সদস্য। এছাড়াও রেভারেন্ড ডেকোহেন তার স্বামী রেভারেন্ড ট্রয় পি. ডেকোহেনের সাথে মাউন্ট ভার্নন হাইটস কনগ্রেগেশনাল চার্চের (Mount Vernon Heights Congregational Church) অ্যাসোসিয়েট প্যাস্টর হিসেবে কাজ করেন। তার মিলিটারি সার্ভিসের ফলে তিনি আচরণগত বিজ্ঞানে ব্যাচেলর অফ সাইন্স ডিগ্রি, স্বাস্থ্য সেবা ব্যবস্থাপনায় মাস্টার অফ সাইন্স, উভয় মার্সি কলেজ থেকে, অর্জন করতে পেরেছেন এবং বর্তমানে শিকাগোর কনকর্ডিয়া কলেজে থেকে এডুকেশনাল লিডারশীপ অ্যান্ড জেরোন্টোলজিতে ডক্টরেটের জন্য কাজ করছেন।

কাইলাহ হাইন্স ফেডারেল অ্যাফেয়ার্সের (Federal Affairs) পরিচালক নিযুক্ত হয়েছেন। সর্বশেষ তিনি নিউ ইয়র্ক মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটির (Metropolitan Transportation Authority, MTA) ফেডারেল অ্যাফেয়ার্সের পরিচালক হিসেবে কাজ করেছেন এবং পরিবহন ও অবকাঠামো শিল্পে তার 14 বছরের বেশি কাজ করার অভিজ্ঞতা রয়েছে। মিস হাইন্স নিউ ইয়র্ক স্টেটের সাথে দশ বছরের বেশি কাজ করেছেন স্টেট ও ফেডারেল পরিবহন পলিসি নিয়ে, তার ফেডারেল ফর্মুলা, সকল ধরনের বিবেচনামূলক ও ঋণ প্রোগ্রামে নির্দিষ্ট প্রকল্পে কাজ করার অভিজ্ঞতা রয়েছে। মিস হাইন্স ফেডারেল প্রাতিষ্ঠানিক পলিসি এবং সংবিধিবদ্ধ অথোরিটির ক্ষেত্রে একটি বৈচিত্র্যময় ব্যাকগ্রাউন্ড গড়ে তুলেছেন, যেখানে রয়েছে পরিবেশ, শক্তি, সিভিল ওয়ার্ক এবং সাধারণ অবকাঠামো খাতে একাধিক সংলগ্ন পলিসি পোর্টফোলিও। স্টেটে তার সেবার পূর্বে, মিস হাইন্স তার ট্রানজিট ক্যারিয়ার শুরু করেন আমেরিকান পাবলিক

ট্রান্সপোর্টেশন অ্যাসোসিয়েশনের (American Public Transportation Association) সাথে, যেখানে তিনি চার বছর ফেডারেল পলিসি, তৃণমূল ওকালতি এবং শিল্পব্যাপী পলিসি অবস্থান নিয়ে ট্রানজিট এজেন্সি সদস্যদের সাথে কাজ করেছেন। মিস হাইন্স সেইন্ট ক্যাথরিন ইউনিভার্সিটি (St. Catherine University) থেকে পলিটিক্যাল সাইন্স অ্যান্ড গভর্নমেন্ট ব্যাচেলর অফ আর্টস (Bachelor of Arts, BA) ডিগ্রি অর্জন করেন এবং জর্জ মেসন ইউনিভার্সিটির স্কার স্কুল অফ পলিসি অ্যান্ড গভর্নমেন্ট (George Mason University's Schar School of Policy and Government) থেকে ট্রান্সপোর্টেশন পলিসিতে একটি মাস্টার ইন পাবলিক পলিসি (Master in Public Policy, MPP) অর্জন করেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন